

কিশোরগঞ্জের অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানেই লাইব্রেরী নেই

॥ ডেরব, সংবাদদাতা ॥
হাওর এলাকা বলে পরিচিত কিশোরগঞ্জ জেলা জনসংখ্যার দিকে এগিয়ে থাকলেও শিক্ষা ব্যবস্থার অনেকখানি পিছিয়ে। জেলার মোট ১৩টি উপজেলায় ৩২০টি বিভিন্ন ধরনের শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে আর কয়েকটি প্রতিষ্ঠান ছাড়া অন্যগুলোতে কোন লাইব্রেরী নেই। কিছু কিছু প্রতিষ্ঠানে

রয়েছে সেগুলোও সংরক্ষণের অভাবে ভাসাচোরা আলমারিতে ভালবন্ধ অবস্থায় বিনষ্টের পথে। ফলে এসব বই ছাত্রছাত্রীরা কোনদিনই পড়ার সুযোগ পায় না। অথচ বই ক্রয়ের নামে প্রতি বছর লাইব্রেরী ফি বাবন ছাত্র-ছাত্রীদের কাছ থেকে হাজার হাজার টাকা আদায় করা হলেও আনৌ কোন বই ক্রয় হয় না বলে অভি-
(১৬শ পৃ: ২-এর ক: প্র:)

যোগ পায়। গেছে। অনেক শিক্ষা প্রতিষ্ঠানে বিগত এক যুগেও একটি বই কেনা হয়নি এমন অভি-যোগও রয়েছে। জানা যায়, স্বাধীনতা পূর্ব পর্যন্ত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের লাইব্রেরীতে ছাত্র-ছাত্রীদের অবশর সময়ে স্তান অইরণের জন্য নিয়মিত বই পুস্তক, পত্র-পত্রিকা পড়ার সুবিধা ছিল যা এখন আর চোখে পড়ে না। এখন অধিকাংশ স্কুল-কলেজে যেমন লাইব্রেরী নেই, তেমনই নেই ছাত্র-ছাত্রীদের জন্য পড়া লেখার নির্ধারিত কোন লাইব্রেরী কক্ষ।